

## দুই যুগ পর ধারাবাহিক নির্মাণ মামুনুর রশীদের

বরেণ্য অভিনেতা ও নির্মাতা মামুনুর রশীদ সবশেষ বিটিভির জন্য একটি নাটক লিখেছেন। তবে ধারাবাহিক পরিচালনা থেকে দীর্ঘদিন দূরে ছিলেন তিনি। আবারও নির্মাণে ফিরছেন এই সাংস্কৃতিক ব্যক্তিত্ব। 'চরণ ছুঁয়ে যায়' নামের একটি ধারাবাহিক নির্মাণ করছেন তিনি। শিক্ষক, শিক্ষাব্যবস্থা, ছাত্র, অভিভাবকরাই হবেন মামুনুর রশীদের নতুন ধারাবাহিক নাটকের চরিত্র।

## কলকাতায় হচ্ছে কাজী নজরুলের বায়োপিক

কলকাতায় তৈরি হচ্ছে বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বায়োপিক। এতে বিদ্রোহী কবির ভূমিকায় অভিনয় করবেন কিঞ্জল নন্দ। সিনেমাটি পরিচালনা করছেন আবদুল আলিম। ছবিতে খরাজ মুখোপাধ্যায়কে দেখা যাবে ফজলুল হক চরিত্রে। বিরজা সুন্দরী দেবী হিসেবে দেখা যাবে কাঞ্চনা মৈত্রকে। আলি আকবর খান চরিত্রে থাকছেন ফজলুর রহমান বাবু। সজনীকান্ত দাসের চরিত্রে দেখা যাবে শান্তিলাল মুখোপাধ্যায়কে।






## ওয়ারফেজের ৪০ বছর উদ্‌যাপন কোক স্টুডিওতে

কোক স্টুডিও বাংলা'র নতুন গানের মাধ্যমে উদ্‌যাপন করা হলো জনপ্রিয় ব্যান্ড ওয়ারফেজের ৪০ বছর। এ উপলক্ষ্যে সবার পছন্দের 'অবাক ভালোবাসা' গানটিকে নতুন আঙ্গিকে উপস্থাপন করা হয়েছে। মূল গানটি ওয়ারফেজের সাবেক লিড ভোকাল বাবনা করিমের লেখা ও সুর করা। তার কণ্ঠে গানটি শোনা গেল এবার কোক স্টুডিও বাংলার মঞ্চে। ভোকালে বাবনা করিমের সাথে যুক্ত হয়েছেন পলাশ নূর, গিটারে ছিলেন সামির হাফিজ আর কমল। কিবোর্ডে শামস, ড্রামসে টিপু এবং বেইজে রজার।

## সম্মাননা পেলেন নাসির উদ্দীন ইউসুফ

অভিনেতা ও আবৃত্তিশিল্পী গোলাম মুস্তাফার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে গত আট বছর ধরে 'গোলাম মুস্তাফা স্মৃতি সম্মাননা' প্রদান করছে আবৃত্তি সংগঠন তারুণ্যের উচ্ছ্বাস। দেশের সাংস্কৃতিক অঙ্গনে বিশেষ অবদানের জন্য ২০১৭ সাল থেকে প্রতিবছর একজন সাংস্কৃতিক ব্যক্তিত্বকে এ সম্মাননা দিচ্ছে সংগঠনটি। এ বছর এই সম্মাননা পেয়েছেন বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব নাসির উদ্দীন ইউসুফ।



## রেইনড্যান্স চলচ্চিত্র উৎসবে 'ডেথ অ্যান্ড ল্যান্ডস্কেপ'

স্বাধীন ধারার সিনেমার জন্য পৃথিবীর সবচেয়ে মর্যাদাপূর্ণ চলচ্চিত্র উৎসব রেইনড্যান্স। এই চলচ্চিত্র উৎসবের ৩২তম আসরে নির্বাচিত হয়েছে বাংলাদেশের স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'ডেথ অ্যান্ড ল্যান্ডস্কেপ', যেটি নির্মাণ করেছেন ফুয়াদুজ্জামান ফুয়াদ। ২৭ জুন লন্ডনে চলচ্চিত্রটির ইন্টারন্যাশনাল প্রিমিয়ার হবে।





## প্রথমবার পুরো সিনেমার সুর ও সংগীতায়োজনে প্রিন্স মাহমুদ

দীর্ঘ ক্যারিয়ারে প্রথমবারের মতো এক সিনেমার সব গানের সুর ও সংগীতায়োজন করলেন প্রিন্স মাহমুদ। সিনেমার নাম 'জংলি'। পরিচালনা করছেন এম রাহিম। তিনি জানান, এই ছবিতে মোট চারটি মৌলিক গান থাকছে। সবগুলো গানের সুর-সংগীত করেছেন প্রিন্স মাহমুদ। সিনেমার মুখ্য চরিত্রে অভিনয় করেছেন সিয়াম আহমেদ ও বুবলী।



## মা হচ্ছেন ক্যাটরিনা কাইফ

ক্যাটরিনা কাইফ ও ভিকি কৌশল দম্পতির ঘরে নতুন অতিথি আসছে। মা হওয়ার খবরের শিরোনামে নাম এলো ক্যাটরিনার। বেশ কিছুদিন ধরেই গুঞ্জন রয়েছে প্রথম সন্তানের অপেক্ষায় আছেন এই অভিনেত্রী। এবার ক্যাটরিনার নতুন কিছু ছবি প্রকাশের পর থেকে নতুন করে সেই গুঞ্জন ফের মাথাচাড়া দিয়ে উঠল।

## ইন্টারন্যাশনাল টেলি অ্যাওয়ার্ড পেল সিসিমপুর

জনপ্রিয় শিশুতোষ সিরিজ 'সিসিমপুর' সম্প্রতি পেয়েছে ইন্টারন্যাশনাল টেলি অ্যাওয়ার্ড। সিসিমপুর টিভি সিরিজে নতুন চরিত্র জুলিয়ার অন্তর্ভুক্তি এবং পর্বগুলোতে সাইন ল্যাঙ্গুয়েজ বা ইশারা ভাষা যুক্ত করে বৈচিত্র্য, সাম্য ও অন্তর্ভুক্তির বার্তার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তনে ভূমিকা রাখায় ৪৫তম টেলি অ্যাওয়ার্ডে ভূষিত করা হয়েছে সিসিমপুরকে। এর আগে বিখ্যাত কিডস্ক্রিন অ্যাওয়ার্ড ও অ্যানথেম অ্যাওয়ার্ড জিতেছে অনুষ্ঠানটি।





## প্রথমবার জুটি বাঁধছেন রাজ-স্বস্তিকা

'আলতাবানু জোসনা দেখেনি' সিনেমাটি পরিচালনা করছেন হিমু আকরাম। সিনেমায় নায়িকা হিসেবে যুক্ত আছেন কলকাতার অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি। সম্প্রতি জানা গেছে, এই সিনেমায় স্বস্তিকার বিপরীতে নায়কের চরিত্রে অভিনয় করবেন শরিফুল রাজ। স্বস্তিকা ও রাজের পাশাপাশি অভিনয় করবেন ইরেশ যাকের, মামুনুর রশীদ ও সোহেল মণ্ডলসহ আরো অনেকেই।



## বাংলাদেশে আসলেন বুরাক অ্যাজিভিট

বিশ্বজুড়ে দারুণ জনপ্রিয় তুর্কি সিরিজগুলো। বর্তমানে প্রচার হওয়া 'কুরুলুস উসমান' সিরিজের উসমান বে চরিত্রটিও বেশ জনপ্রিয়তা পেয়েছে। এই চরিত্রে অভিনয় করা অভিনেতা বুরাক অ্যাজিভিট বাংলাদেশে এসেছেন। ২৬ মে ভক্তদের সঙ্গে এক পাঁচ তারকা হোটেলে দেখা করেন তিনি। বুরাক অ্যাজিভিট তুরস্কের অভিনেতা। উসমানী সাম্রাজ্যের প্রথম সম্রাট উসমানের ভূমিকায় অভিনয় করে বিশ্বজুড়ে খ্যাতি লাভ করেছেন তিনি।

## খলনায়ক হচ্ছেন বালাম



‘নীলচক্র’ নামে একটি সিনেমা নির্মাণ করেছেন পরিচালক মিঠু খান। ছবিটির প্রধান চরিত্রে অভিনয় করেছেন আরিফিন শুভ। দেশের জনপ্রিয় সংগীতশিল্পী বালাম রয়েছেন এই সিনেমায়। এতে তাকে খলনায়ক চরিত্রে দেখা যাবে। অভিনয়ের পাশাপাশি সিনেমাটিতে বালামের দুটি গানও থাকছে। একটি গান সুর ও সংগীত পরিচালনার পাশাপাশি গেয়েছেন তিনি।

## কানে সেরা অভিনেত্রী অনসূয়া



কান চলচ্চিত্র উৎসবের ৭৭তম আসরে ‘দ্য শেমলেস ছবি’র জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার জিতেছেন কলকাতার অভিনেত্রী অনসূয়া সেনগুপ্ত। তিনিই প্রথম ভারতীয় যিনি কান চলচ্চিত্র উৎসবে প্রথমবার সেরা অভিনেত্রী বা সেরা অভিনেতার পুরস্কার পেলেন। আঁ সার্তে রিগা বিভাগে সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন তিনি। ছবিটি পরিচালনা করেছেন বুলগেরিয়ান চলচ্চিত্র নির্মাতা কনস্ট্যান্টিন বোজানভ।

## এক দশক পর আইপিএল জিতল শাহরুখের কেকেআর

তৃতীয়বার শাহরুখ খানের দল কলকাতা নাইট রাইডার্স আইপিএলে চ্যাম্পিয়ন হয়েছে। কলকাতা নাইট রাইডার্স ২০১২, ২০১৪ সালে আইপিএলের ট্রফি জিতেছিল। আইপিএলে চ্যাম্পিয়নশিপ খেতাব পাওয়া মাত্রই আবেগে ভাসলেন বলিউড সুপারস্টার শাহরুখ খান। নিজের দল কেকেআর ম্যাচ জেতার পর পাশে থাকা স্ত্রী-কন্যাকে জড়িয়ে ধরেন বলিউড বাদশাহ। এরপর একে একে প্রকাশ্যে আসে শাহরুখের মিষ্টি পারিবারিক মুহূর্ত; যা সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে।



## অভিনেতা বার্নার্ড হিল মারা গেছেন

হলিউডের ব্যবসাসফল ও দর্শকনন্দিত সিনেমা টাইটানিক খ্যাত অভিনেতা বার্নার্ড হিল মারা গেছেন। ৫ মে ভোরে ৭৯ বছর বয়সে তিনি মারা যান। ১৯৯৭ সালে মুক্তি পাওয়া অস্কারজয়ী সিনেমা টাইটানিকে ক্যাপ্টেন এডওয়ার্ড স্মিথ এবং লর্ড অব দ্য রিংসে কিং থিওডেনের চরিত্রে অভিনয় করে দর্শকের মন জয় করেন তিনি। টাইটানিক ছাড়াও ও লর্ড অব দ্য রিংস সিনেমায়ও তার অভিনয় নজর কেড়েছিল।



## অভিনেতা ফাহাদ ফাসিল এডিএইচডি রোগে আক্রান্ত

দক্ষিণ ভারতের জনপ্রিয় অভিনেতা ফাহাদ ফাসিল অ্যাটেনশন ডেফিসিট হাইপার অ্যাক্টিভিটি ডিসঅর্ডার অর্থাৎ এডিএইচডি রোগে আক্রান্ত হয়েছেন। ৪১ বছর বয়সে তিনি প্রথম বুঝতে পারেন তার ক্লিনিক্যালি অ্যাটেনশন ডেফিসিট হাইপার অ্যাক্টিভিটি ডিসঅর্ডার রয়েছে। সম্প্রতি এক অনুষ্ঠানে এই রোগে আক্রান্ত হওয়ার কথা নিজেই জানিয়েছেন দর্শকদের।

